

আল-মা'আরিজ | Al-Ma'arij | الْمَعَارِج

আয়াতঃ ৭০ : ১৮

আরবি মূল আয়াত:

وَجَمَعَ فَأَوْعَى ﴿١٨﴾

অনুবাদসমূহ:

আর সম্পদ জমা করেছিল, অতঃপর তা সংরক্ষণ করে রেখেছিল। — আল-বায়ান

সে মালধন জমা করত, অতঃপর তা আগলে রাখত, — তাইসিরুল

যে সম্পদ পুঞ্জীভূত এবং সংরক্ষিত করে রাখছিল। — মুজিবুর রহমান

And collected [wealth] and hoarded. — Sahih International

১৮. আর যে সম্পদ পুঞ্জীভূত করেছিল অতঃপর সংরক্ষিত করে রেখেছিল। (১)

(১) এই অগ্নি নিজে সেই ব্যক্তিকে ডাকবে যে সত্যের প্রতি পৃষ্ঠপ্রদর্শন করে অস্বীকার করে; তা কাজে পরিণত করা থেকে বিরত থাকে এবং ধন-সম্পদ সংগ্রহ করে তা পুঞ্জীভূত করে আগলিয়ে রাখে। পুঞ্জীভূত করার এবং আগলিয়ে রাখার অর্থ ফরয ও ওয়াজিব হক আদায় না করা। [ইবন কাসীর]

তাকসীরে জাকারিয়া

(১৮) সে সম্পদ পুঞ্জীভূত এবং সংরক্ষিত করে রেখেছিল। [১]

[১] অর্থাৎ, যে ব্যক্তি দুনিয়াতে সত্য থেকে পিঠ ফিরিয়ে ও মুখ ঘুরিয়ে নিত এবং মাল-ধন জমা করে ধনাগারে সুরক্ষিত করে রাখত, তা আল্লাহর পথে না ব্যয় করত এবং না তার যাকাত আদায় করত। আল্লাহ তাআলা জাহান্নামকে বাকশক্তি দান করবেন। ফলে জাহান্নাম খোদ নিজ জবান দ্বারা এমন লোকদেরকে আহ্বান করবে যাদের জন্য নিজেদের কৃতকর্মের ফলে জাহান্নাম ওয়াজিব হয়ে গেছে। কেউ কেউ বলেন, আহ্বানকারী তো ফিরিশতাগণ হবেন, এটাকে জাহান্নামের দিকে সম্বন্ধ করা হয়েছে। কেউ কেউ বলেন, কেউ-ই আহ্বান করবে না, বরং শুধুমাত্র উদাহরণস্বরূপ এইরূপ বলা হয়েছে। মোট কথা হল যে, উল্লিখিত লোকদের ঠিকানা জাহান্নাম হবে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5393>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন